



জুলাই সনদ প্রক্রিয়া স্বচ্ছ ও জনগণের কাছে দৃশ্যমান রাখতে প্রধান উপদেষ্টার নির্দেশ



প্রধান উপদেষ্টা ড.মোহাম্মদ ইউনুস: সংগৃহীত ছবি

জাতীয় ঐকমত্য কমিশনের কাজ স্বচ্ছভাবে সম্পন্ন করে তা জনগণের কাছে দৃশ্যমান করার নির্দেশ দিয়েছেন প্রধান উপদেষ্টা ও কমিশন প্রধান প্রফেসর মুহাম্মদ ইউনুস। বৃহস্পতিবার (১৭ জুলাই) রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় অনুষ্ঠিত কমিশনের এক বৈঠকে তিনি এ নির্দেশনা দেন।

বৈঠকে উপস্থিত ছিলেন কমিশনের সহ-সভাপতি অধ্যাপক ড. আলী রিয়াজ, সদস্য ড. বদিউল আলম মজুমদার, ড. ইফতেখারুজ্জামান, সফর রাজ হোসেন, বিচারপতি এমদাদুল হক ও ড. মোহাম্মদ আইয়ুব মিয়া। এছাড়াও উপস্থিত ছিলেন প্রধান উপদেষ্টার মুখ্য সচিব সিরাজ উদ্দিন মিয়া ও বিশেষ সহকারী মনির হায়দার।

কমিশনের অগ্রগতি সম্পর্কে প্রধান উপদেষ্টাকে অবহিত করেন সদস্যরা। তাঁরা জানান, আগামী ৫ আগস্টের মধ্যে জুলাই সনদ প্রণয়নের কাজ শেষ করতে সর্বোচ্চ চেষ্টা চলছে।

প্রধান উপদেষ্টা কমিশনের সদস্যদের ভূয়সী প্রশংসা করে বলেন, "এটি একটি ঐতিহাসিক উদ্যোগ। গণ-আকাজ্জার প্রতিফলন হবে এই সনদের মাধ্যমে। তাই পুরো প্রক্রিয়াটি হতে হবে স্বচ্ছ ও জনসমক্ষে উন্মুক্ত।"

কমিশনের সহ-সভাপতি অধ্যাপক ড. আলী রিয়াজ জানান, রাজনৈতিক দলগুলোর সঙ্গে দ্বিতীয় দফা সংলাপে আটটি বিষয়ে ইতোমধ্যেই ঐকমত্য হয়েছে। বাকি সাতটি বিষয়ে আলোচনা চলছে এবং শিগগিরই সেগুলোতেও সমঝোতায় পৌঁছানো যাবে বলে আশা করা হচ্ছে।